



জাতীয় বিশ্ববিদ্যালয়

বাংলাদেশ

পরীক্ষা নিয়ন্ত্রণ দপ্তর

স্মারক নং- (০-৫)/জাতীঃবিঃ/পনি/অফিস আদেশ/২০১২/০৩/৬৮৩

তারিখঃ ০৩/০১/২০২৩

মূল সনদ উত্তোলন সংক্রান্ত জরুরি বিজ্ঞপ্তি


সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে অধিভুক্ত কলেজ থেকে উত্তীর্ণ সকল শিক্ষার্থীদের মূল সনদ উত্তোলনের আবেদন অন-লাইনে (<http://103.113.200.36/PAMS/ServiceLogin.aspx>) গ্রহণ করা হচ্ছে। অন-লাইনে আবেদনের জন্য নিম্নোক্ত নির্দেশনা অনুসরণ করার জন্য অনুরোধ করা হলো।

১. মূল সনদ প্রাপ্তির জন্য যথাযথভাবে আবেদন ফরমটি পূরণ করুন। আবেদন ফরম বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে পাওয়া যাবে।
২. ২০০১ সালের পূর্বে উত্তীর্ণ শিক্ষার্থীদের রেজিঃ কার্ড, প্রবেশপত্র ও সাময়িক সনদের স্ক্যানকৃত ফাইল (PDF) আবেদনের সাথে সংযুক্ত করতে হবে। তবে ২০০১ সাল বা এর পরে উত্তীর্ণ শিক্ষার্থীদের শুধু সাময়িক সনদের স্ক্যানকৃত ফাইল (PDF) সংযুক্ত করলেই চলবে। আবেদনকারীকে তার ছবি স্ক্যান করে সংযুক্ত করতে হবে।
৩. আবেদনকারীর নিজস্ব মোবাইল নাম্বার ও ই-মেইল অ্যাড্রেস ব্যবহার করতে হবে।
৪. প্রত্যেকটি মূল সনদের জন্য পৃথক পৃথক আবেদন করতে হবে (যদি জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে একাধিক ডিগ্রী সম্পন্ন করে থাকেন)
৫. আবেদনের ফি এর পে-স্লিপ ডাউনলোড করে নিকটস্থ সোনালী ব্যাংকের যেকোনো শাখায় ফি এর টাকা জমা দেওয়া যাবে। এছাড়া সোনালী ব্যাংকের পেমেন্ট গেটওয়ের অন্তর্ভুক্ত বিভিন্ন কার্ড, মোবাইল ব্যাংকিং অথবা সোনালী ব্যাংকের অনলাইন পেমেন্ট অপশন ব্যবহার করে ফি জমা দেয়া যাবে। তবে যেভাবেই পেমেন্ট করুন না কেন আবেদনের সময় সফটওয়্যারে উল্লিখিত ট্রানজেকশন আইডি সংরক্ষণ করুন কারণ মূল সনদ সংগ্রহের সময় এ ট্রানজেকশন আইডি প্রদর্শন করতে হবে।
৬. আবেদন করার ১৫ দিনের মধ্যে ফি জমা দিতে হবে অন্যথায় আবেদনটি বাতিল হয়ে যাবে।
৭. ফি জমা দেওয়ার সঙ্গে সঙ্গে আবেদনটি সক্রিয় হয়ে যাবে। মূল সনদ প্রস্তুত হওয়ার পর SMS এর মাধ্যমে জানানো হবে। আবেদনকারী চাইলে সফটওয়্যার এ লগইন করেও আবেদনের সর্বশেষ অবস্থা জানতে পারবেন। আবেদনের হার্ডকপি জমা দেয়ার জন্য বিশ্ববিদ্যালয়ে আসার কোনো প্রয়োজন নাই।
৮. মূল সনদ সংগ্রহের সময় সাময়িক সনদের মূল কপি ও ফি জমা দেওয়ার রশিদ অবশ্যই জমা দিতে হবে। সাময়িক সনদের মূল কপি ফেরৎ না দিলে মূল সনদ দেয়া হবে না।
৯. মূল সনদ সংগ্রহের স্থান জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়ান স্টপ সার্ভিস সেন্টার। নিজের মূল সনদ নিজে সংগ্রহ করুন। একান্ত অপারগ হলে সম্মতিপত্র (Authorization letter) সহ প্রতিনিধির মাধ্যমেও সংগ্রহ করা যাবে।

আপনার আবেদনটি আমাদের কাছে অত্যন্ত গুরুত্বপূর্ণ। আপনার সেবাটি যথাযথভাবে প্রদান করতে আমরা আন্তরিকভাবে বদ্ধপরিকর। অহেতুক কারো মাধ্যমে যোগাযোগ না করে সঠিকভাবে নিজের আবেদন নিজে সম্পন্ন করুন, যেকোনো মিডিয়া বা এজেন্ট পরিহার করুন, আপনার প্রত্যাশার চেয়েও কম সময়ে সেবা প্রদানে আমরা বদ্ধ পরিকর।

বিশ্ববিদ্যালয়ে এসে সরাসরি কোন আবেদন করা যাবে না। আবেদন করার জন্য বা আবেদনের হার্ডকপি জমা দেয়ার জন্য বিশ্ববিদ্যালয়ে আসার কোনো প্রয়োজন নাই। সার্ভিস গ্রহণে কোনো সমস্যার সম্মুখীন হলে কর্তৃপক্ষের সাথে সরাসরি যোগাযোগ করুন। কারো প্ররোচনায় কোনো ধরনের লেনদেন না করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

ধন্যবাদান্তে,



(সদরঃজামান)

পরীক্ষা নিয়ন্ত্রক

জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর।

ফোন: ০২-৯৯৬৬৯১৫১৭

ই-মেইল: controller@nu.ac.bd